

ফেব্রুয়ারি 27, 2013

রুপি চিহ্ন (₹) এবং ইনসেট অক্ষর 'ই' সমেত  
**20 টাকার ব্যাঙ্কনোট জারি**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক শীঘ্রই মহাত্মা গান্ধী সিরিজে ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর ড. ডি সুব্বারাও-এর স্বাক্ষর সম্বলিত চিহ্ন '₹' এবং ইনসেট অক্ষর 'ই' যুক্ত 20 টাকা মূল্যমানের ব্যাঙ্কনোট জারি করবে যার পৃষ্ঠভাগে মুদ্রণ বর্ষ 2012 মুদ্রিত থাকবে।

এখন জারি করা হবে যে নোটগুলি তাদের নকশা সমস্ত ক্ষেত্রেই পূর্বে জারি হওয়া মহাত্মা গান্ধী সিরিজ 2005-এর 20 টাকা ব্যাঙ্কনোটের সদৃশ হবে।

ব্যাঙ্ক কর্তৃক অতীতে জারি হওয়া 20 টাকা মূল্যমানের সমস্ত ব্যাঙ্কনোট বৈধ টেন্ডার হিসেবে চালু থাকবে।

**প্রেস বিজ্ঞপ্তি: 2012-2013/1450**

**অজিত প্রসাদ**  
সহকারী মহাপ্রবন্ধক